

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৫৪

আগরতলা, ২১ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ২১ অক্টোবর, ২০২৪ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় ‘হাসপাতালে দুর্ব্যবহারের শিকার রোগী’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদ সঠিক নয়। হাসপাতালে উক্ত রোগীনির সঙ্গে কোনও দুর্ব্যবহার করা হয়নি। দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, গত ১৭ অক্টোবর, ২০২৪ তারিখে সন্ধ্যা ৭টা ৩০ মিনিট নাগাদ রেখাবি চাকমা নামে এক রোগীনি পেট ব্যথা নিয়ে হাসপাতালে আসেন। তখন কুমারঘাট মহকুমা হাসপাতালের চিকিৎসক ডা. অনিন্দিতা শীল ওয়ার্ডে এক সেরিব্রোভাস্কুলার এক্সিডেন্ট (CVA) রোগীর চিকিৎসা পরিষেবায় ব্যস্ত ছিলেন, যে রোগীর ২০ মিনিটের মধ্যেই মৃত্যু ঘটে। এরপর তিনি ইমার্জেন্সিতে এসে রোগীনির অসুবিধার কথা শুনে তাকে হাসপাতালে ভর্তি হতে বলেন। এরপর তিনি বেড হেড টিকিট লেখার সময় এই রোগীর আত্মীয় পরিজনরা অহেতুক কোনও কারণ ছাড়াই অশোভন ভাষা ব্যবহার করে চিকিৎসকের সাথে ঝগড়া শুরু করেন। হাসপাতালের অন্যান্য স্বাস্থ্যকর্মীরা ছুটে এলে তাদেরও রোগীর আত্মীয় পরিজনরা হুমকি দেন। এর ফলে হাসপাতালের পারিপার্শ্বিক অবস্থার অবনতি ঘটে ও লোক জমায়েত হয়। তখন চিকিৎসক নিকটবর্তী পুলিশ প্রশাসনকে খবর দেন। তারা ছুটে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।
